

3456 - তারাবীর নামায শেষ না হওয়া পর্যন্ত ইমামের অনুসরণ করা

প্রশ্ন

অগ্রগণ্য মতানুযায়ী তারাবী নামায যদি ১১ রাকাত হয়; কিন্তু আমি এক মসজিদে নামায পড়েছি সেখানে ২১ রাকাত তারাবী পড়া হয়। এমতাবস্থায়, আমি কি ১০ রাকাত পড়ে মসজিদ ত্যাগ করতে পারি; নাকি আমার জন্য তাদের সাথে ২১ রাকাত নামায পড়াই উত্তম?

প্রিয় উত্তর

উত্তম হচ্ছে ইমামের সাথে সম্পূর্ণ নামায আদায় করা, যতক্ষণ না ইমাম নামায শেষ করেন; এমনকি ইমাম যদি ২১ রাকাতের বেশি পড়েন সেক্ষেত্রেও। কেননা বেশি পড়া জায়েয আছে। যেহেতু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বাণীতে ব্যাপকতা রয়েছে। তিনি বলেছেন, “যে ব্যক্তি ইমামের সাথে কিয়ামুল লাইল (রাতের নামায) আদায় করে যতক্ষণ না ইমাম নামায শেষ করেন; আল্লাহ তার জন্য গোটা রাত নামায আদায় করার সওয়াব লিপিবদ্ধ করবেন।” [সুনানে নাসাঈ, ও অন্যান্য: নাসাঈর ‘রমযানের কিয়াম অধ্যায়’] নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বাণীতে আরও এসেছে, “রাতের নামায দুই রাকাত, দুই রাকাত। যদি তুমি ভোর হয়ে যাওয়ার আশংকা কর তাহলে এক রাকাত বিতির নামায (বেজোড় নামায) পড়ে নাও।” [সাতজন গ্রন্থাকার হাদিসটি বর্ণনা করেছেন; আর এটি নাসাঈর ভাষ্য]

নিঃসন্দেহে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে সাব্যস্ত সুন্নাহ্ ধরে রাখাই উত্তম, অধিক সওয়াবের সম্ভাবনাময়; নামায দীর্ঘ করা ও সুন্দর করার মাধ্যমে। কিন্তু, যদি ব্যাপারটি এমন হয় যে, রাকাত সংখ্যার কারণে হয়তো ইমামকে রেখে চলে যেতে হবে কিংবা বাড়তি সংখ্যায় ইমামের সাথে থাকতে হবে; সেক্ষেত্রে উত্তম হচ্ছে পূর্বোক্ত হাদিসগুলোর কারণে ইমামের সাথে থাকা। তবে ইমামকে সুন্নাহ্ অনুসরণের তাগিদ দিতে হবে।